Queensland Health

# বহুসংস্কৃতির জনগোষ্ঠীর জন্য স্বাস্থ্য নীতি ও কর্ম পরিকল্পনা ২০২৪ - ২০২৯ এমএইচপিএপি

**কুইন্সল্যান্ডে অবস্থানরত বিভিন্ন সংস্কৃতির সকল মানুষ, নিরাপদ এবং সাংস্কৃতিতুষ্ট জনস্বাস্থ্যসেবা গ্রহণ করতে পারে যা তাদেরকে সমমানসম্পন্ন ফলাফল দেবে।**



Interpreter

**মূলনিতিসমুহ**

- **সবার জন্য যথার্থ স্বাস্থ্যসেবা, নিরাপদ এবং গুনগতমানসম্পন্ন যত্ন**
- **প্রমাণ ভিত্তিক এবং জনগোষ্ঠী-অবহিত**
- **সর্বাঙ্গিক যত্ন**
- **বর্ণবাদ এবং বৈষম্য সম্বোধন**
- **অঙ্গীকার, দায়িত্ব এবং জবাবদিহিতায় অংশিদারিত্ব**





এমএইচপিএপি সকল বহুসংস্কৃতির জনগোষ্ঠীকে দেওয়া স্বাস্থ্যেসেবার ফলাফলের উপর গুরুত্ব প্রদান করবে।

এদের মধ্যে অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গঃ

- অস্ট্রেলিয়ায় জন্মগ্রহণকারী, যাদের বাবা-মা বা দাদা-দাদি/নানা-নানি বিদেশে জন্মগ্রহণ করেছেন এবং তারা শরণার্থী হিসাবে অস্ট্রেলিয়ায় অভিবাসণ নিয়েছেন বা আশ্রয়প্রার্থী এবং অস্থায়ী ভিসায় থাকা নিউজিল্যান্ডের নাগরিক
- সীমিতভাবে মেডিকেয়ারের অ্যাক্সেস সহ অস্থায়ী ভিসায় থাকা লোকেরা এবং এর মধ্যে আরও অন্তর্ভুক্ত আছেন, অন্যান্য অস্থায়ী ভিসায় বসবাসরত লোকেরা, আন্তর্জাতিক ছাত্র এবং বিভিন্ন মৌসুমে কাজ করা শ্রমিক
- অস্ট্রেলিয়ার দক্ষিণ সাগরে অবস্থিত দ্বীপবাসিন্দারা।

**এমএইচপিএপি শলাপরামর্শ**

- **২৭ টি প্রতিষ্ঠান**
- **৭২ জন**
- **পুরো রাজ্যটি জুড়েই**
- **কার্যপ্রনালী**
  - ২২ টি নির্ধারিত কর্মশালা
  - ১৫ টি জমা দেওয়া মতামত
  - ৪৩ টি জনপ্রতি সাক্ষাৎকার
  - ১৬১ টি সমীক্ষার ফলাফল

এমএইচপিএপিই  হল প্রথম নীতিমালা যা কুইন্সল্যান্ড হেলথ ১০ বছরেরও বেশি সময় নিয়ে তৈরি করেছে যার লক্ষ্যই হচ্ছে বহুসাংস্কৃতিক জনগোষ্ঠির স্বাস্থ্যের উন্নয়ন।

বিভিন্ন জনগোষ্ঠীর বলিষ্ঠ অবস্থান যেন স্বাস্থ্যব্যবস্থার নীতিমালায় প্রতিফলিত হয় সেটা নিশ্চিত করতে, এমএইচপিএপি, বিভিন্ন প্রতিনিধিদলের সহ—পরিকল্পনায় গঠন করা হয় যার মধ্যে রয়েছে সম্প্রদায়ের সদস্য এবং সংস্থা।

এমএইচপিএপি, পুরো স্বাস্থ্যব্যবস্থা জুড়েই কর্মসূচি ও উদ্যোগ প্রদান করবে যেন আমরা বহুসাংস্কৃতিক জনগোষ্ঠির স্বাস্থ্য সম্পর্কিত প্রয়োজনগুলোকে আরও ভালভাবে মেটাতে পারি।

এমএইচপিএপি, এর লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের অগ্রগতিকে কুইন্সল্যান্ড হেলথ, নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে।




**বহুসাংস্কৃতিক জনগোষ্ঠির স্বাস্থ্যখাতকে কিভাবে উন্নত করা যায় সেই বিষয়ে নীতিমালা তৈরিতে যারা যারা তাদের অনন্য অভিজ্ঞতা ও মতামতের মাধ্যমে অবদান রেখেছেন, কুইন্সল্যান্ড হেলথ তাদের সবাইকে ধন্যবাদ জানায়।**

Queensland Government





| অগ্রাধিকারপ্রাপ্ত ক্ষেত্রসমূহ | উদ্দেশ্য | আমরা যা শুনেছি |
|---|---|---|
| প্রথম অগ্রাধিকার<br>**প্রতিরোধ এবং সময়মত হস্তক্ষেপ** | • সুস্বাস্থ্য এবং সুস্থতার ফলাফলগুলি অ্যাক্সেস এবং অর্জনে তারা যে চ্যালেঞ্জগুলির মুখোমুখি হয় সেই বিষয়গুলিকে আরও ভালভাবে বুঝতে আমরা বহুসাংস্কৃতিক জনগোষ্ঠির লোকদের সাথে জড়িত থাকবো।<br>• এই সমস্যাগুলি কাটিয়ে উঠতে যেই স্বাস্থ্যসেবার প্রয়োজন সেগুলোর নকশা করতে আমরা বহুসাংস্কৃতিক জনগোষ্ঠির লোকদের সাথে কাজ করবো।<br>• বহুসাংস্কৃতিক জনগোষ্ঠির লোকেরা যেন তাদের স্বাস্থ্য ঠিক রাখতে পারে, অসুস্থতা এরাতে পারে এবং স্বাস্থ্যসেবা পেতে পারে সেই জন্য আমরা তাদেরকে পুর্ন সহায়তা দেব। | **“প্রতিরোধ উদ্যোগগুলো যোগ্য স্বাস্থ্যকর্মী দ্বারা সমর্থিত কিন্তু আমাদের অর্থাৎ জনগোষ্ঠীর মাধ্যমে, এটা নিশ্চিতকরণের দ্বারা জনগোষ্ঠীর প্রতিরোধ ক্ষমতা তৈরি করা.”** |
| দ্বিতীয় অগ্রাধিকার<br>**ভাষা সংক্রান্ত উচ্চ মানের পরিষেবা এবং যোগাযোগের সংস্থান** | • আমরা নিশ্চিত করব যেন কুইন্সল্যান্ডের স্বাস্থ্য কর্মীরা জানেন কিভাবে, কখন এবং কেন দোভাষী নিযুক্ত করতে হবে।<br>• ভাষাগতভাবে ভিন্ন লোকদেরকে তাদের পছন্দের ভাষায় আমরা তথ্য সরবরাহ করব।<br>• আমরা রোগীদেরকে যে ভাষায় পরিষেবা দিয়ে থাকি তার মান পরীক্ষণ নিরীক্ষণ করব এবং উন্নত করব, যার মধ্যে ভাষা পরিষেবার কর্মীদেরকে সাহায্য সহযোগিতা করাও অন্তর্ভুক্ত। | **“আমাদের জনগোষ্ঠীর জন্য, ভাষার প্রতিবন্ধকতা, আমাদের স্বাস্থ্যসেবার ক্ষেত্রে সবচেয়ে বড় বাধা হয়ে দাঁড়িয়েছে। বিভিন্ন সম্প্রদায়গুলির জন্য যেসকল দোভাষী পরিষেবা আছে, সেই সম্পর্কে ধারনা ও তার ব্যবহার স্বাস্থ্য সেবা ব্যবস্থার কাছে সুস্পষ্ট নয়।“** |
| তৃতীয় অগ্রাধিকার<br>**টেকসই, অ্যাক্সেসযোগ্য, ট্রমা সম্পর্কে অবহিত এবং সাংস্কৃতিকভাবে নিরাপদ স্বাস্থ্য সেবা** | • আমরা কুইন্সল্যান্ড স্বাস্থ্য পরিষেবাগুলিতে এমন একটি সংস্কৃতি গড়ে তুলব যা রোগীদেরকে সম্মান করে এবং যা বর্ণবাদ ও বৈষম্য থেকে মুক্ত।<br>• আমরা বোর্ড এবং কমিটিতে, অংশগ্রহণকারী বহুসংস্কৃতির জনগোষ্ঠীর লোকদের সংখ্যা বাড়াব।<br>• স্বাস্থ্য পরিষেবাগুলি অ্যাক্সেস করার সময় তাদের অধিকারগুলি বুঝতে এবং ব্যবহার করতে বহুসংস্কৃতির সম্প্রদায়গুলিকে আমরা বিভিন্নভাবে সাহায্য সহযোগিতা করব।<br>• রোগীদেরকে, স্বাস্থ্যসেবা ব্যবস্থা কখন, কিভাবে, কোথায় কাজ করে সেটা বুঝতে এবং স্বাস্থ্যসেবা নিতে নিরাপদ বোধ করতে সহায়তা করার জন্য আমরা সাংস্কৃতিকভাবে উপযুক্ত প্রোগ্রাম তৈরি করব। | **“আমাদের জনগোষ্ঠীর প্রয়োজন মেটাতে ব্যবহৃত চর্চাগুলোকে পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষেত্রে নমনীয় থাকা এটাই হচ্ছে মুল চাবিকাঠি, যেমন, বহুসংস্কৃতিক জনগোষ্ঠীর একজন নার্স নেভিগেটর যারা সহায়ক হয়েছে একটি জটিল সিস্টেম নেভিগেট করার জন্য।“** |
| চতুর্থ অগ্রাধিকার<br>**উৎপাদনশীল অংশীদারিত্ব, সহযোগিতা এবং সংযোগ** | • আমরা বহু-সাংস্কৃতিক সম্প্রদায়ের সাথে সুদৃঢ় এবং সম্মানজনক সম্পর্ক গড়ে তুলব।<br>• বহু-সাংস্কৃতিক সম্প্রদায়ের জন্য স্বাস্থ্যসেবা অ্যাক্সেস করা সহজ করতে আমরা স্বাস্থ্য ব্যবস্থার অন্যান্য অংশের সাথে কাজ করব।<br>• বহুসাংস্কৃতিক জনগোষ্ঠীগুলি যেন সর্বোত্তম স্বাস্থ্য এবং সুস্থতা অর্জনের জন্য সমর্থিত হয় তা নিশ্চিত করতে আমরা সম্প্রদায় সংস্থাগুলির সাথে কাজ করব। | **“COVID-19 থেকে অনেক শিক্ষা রয়েছে যা দেখিয়েছে, স্বাস্থ্যের সামাজিক দিকগুলোকে সম্বোধন করতে, বিভিন্ন সম্প্রদায় এবং অন্যান্য খাতের সাথে অংশীদারিত্বে স্বাস্থ্যের সকল ক্ষেত্রে সহযোগিতামূলকভাবে কাজ করার গুরুত্ব.”** |
| পঞ্চম অগ্রাধিকার<br>**বৈচিত্র্যময়, অন্তর্ভুক্তিমূলক এবং সাংস্কৃতিকভাবে সক্ষম স্বাস্থ্য কর্মশক্তি** | • একটি বৈচিত্র্যময় স্বাস্থ্য কর্মীসেবা গড়ে তোলার জন্য আমরা অন্তর্ভুক্তিমূলক নিয়োগের অনুশীলন বাস্তবায়ন করব।<br>• আমরা কুইন্সল্যান্ড স্বাস্থ্য কর্মীদেরকে সাংস্কৃতিকভাবে নিরাপদ এবং ক্রিয়াশীল যত্ন প্রদানের জন্য উপযুক্ত প্রশিক্ষণ প্রদান করব।<br>• আমরা নিশ্চিত করব যে কুইন্সল্যান্ডের স্বাস্থ্য কর্মীরা কর্মক্ষেত্রে নিজেদেরকে মূল্যবান, সম্মানিত এবং ক্ষমতাবান বোধ করেন। | **“সাংস্কৃতিক ও পেশাগত বৈচিত্র্য যেন আমাদের স্বাস্থ্যব্যবস্থায় প্রতিফলিত হয় তা নিশ্চিত করার প্রয়োজন রয়েছে। অন্যথায়, আমাদের কিছু কিছু সম্প্রদায়ের লোকজন স্বাস্থ্য কর্মী বাহিনীতে প্রতিনিধিত্ব বা স্থান নাও পেতে পারে। আমাদের ডেটাতে, কর্মশক্তির বৈচিত্র্যের সমবন্টন থাকতে হবে এবং আমাদের সম্প্রদায়ের লোকেদের সাথে কাজ করার বিষয়ে বোঝার জন্য প্রশিক্ষিত একটি কর্মীবাহিনী থাকতে হবে।”** |
| ষষ্ঠ অগ্রাধিকার<br>**বহুসংস্কৃতিজনিত তথ্য এবং গবেষণা** | • স্বাস্থ্য পরিষেবার উন্নতির জন্য, আমরা যেভাবে বহুসংস্কৃতিক সম্প্রদায়ের তথ্য, সংগ্রহ ও বিশ্লেষণ করি তা উন্নত করব।<br>• যে যে বিষয়গুলো বহুসংস্কৃতির সম্প্রদায়গুলির স্বাস্থ্য সমস্যায় ভূমিকা রাখে, সেই সম্পর্কে আমরা আরও গবেষণা করব।<br>• আমরা বহুসাংস্কৃতিক সম্প্রদায়কে তাদের স্বাস্থ্যের চাহিদা এবং ফলাফলগুলি আরও ভালভাবে বোঝার জন্য গবেষণায় নিযুক্ত করব। | **“আমাদের সম্প্রদায়ের জন্য সাংস্কৃতিকভাবে উপযুক্ত এবং কার্যকর পরিষেবাগুলি উন্নত করতে গবেষণার প্রমাণ তৈরি করা এবং মূল্যায়ন এবং গবেষণায় আমাদের সম্প্রদায়ের সাথে কাজ করার জন্য বিনিয়োগ করা গুরুত্বপূর্ণ।”** |





SC2400222 /BENGALI